পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ
জেনারেল এ্যাডমিন শাখা

দুর্নীতিকে না বলুন, নৈতিকতা মেনে চলুন।

জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার।

টেলিফোন: ০২৫৮৮৮৩১৪৪২, তথ্য বাতায়ন: pgcl.gov.bd

**নম্বর:** ২৮.১৮.০০০০.০০০.০৩৪.৫৫.০০০২.১৮.৩৯১

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

**বিষয়: মোটর সাইকেল ক্রয় ঋণ।**

কোম্পানিতে বলবৎ মোটর সাইকেল ক্রয় ঋণ নীতিমালা অনুযায়ী ২০২৬-২০২৭ অর্থবছরের বাজেট সংস্থান হতে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে পিজিসিএল এর স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট হতে মোটর সাইকেল ক্রয় ঋণ/অগ্রিম এর জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

১. কোম্পানিতে প্রেষণে/দৈনিক ভিত্তিক/এডহক ভিত্তিক/প্রকল্প ভিত্তিক/চুক্তি ভিত্তিক/উপদেষ্টা হিসেবে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ব্যতীত স্থায়ী পদে কোম্পানির বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ৫ম হতে ১৮তম গ্রেডে ন্যূনতম ০৩ (তিন) বছর ধারাবাহিকভাবে চাকরিরত কর্মকর্তা-কর্মচারীগণ মোটর সাইকেল ক্রয় ঋণের জন্য আবেদন করতে পারবেন।

২. কোম্পানির চাকরিতে স্ব স্ব পদে যোগদানের তারিখ হতে জ্যেষ্ঠতার ভিত্তিতে এবং এতদসংক্রান্ত কমিটির সুপারিশের ভিত্তিতে এ ঋণ/অগ্রিম মঞ্জুর করা হবে।

৩. চলিত অর্থবছরে (২০২৬-২০২৭) অনুমোদিত বাজেট বরাদ্দের মধ্যে মোটর সাইকেল ক্রয় ঋণ/অগ্রিম প্রদান সীমাবদ্ধ থাকবে এবং বাজেটে বরাদ্দকৃত অর্থের পরিমাণ অনুযায়ী উক্ত অগ্রিম প্রাপ্য কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা নির্ধারিত হবে।

৪. মোটর সাইকেল ক্রয়ের জন্য সর্বোচ্চ $ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা মাত্র ঋণ হিসাবে প্রদান করা হবে।

৫. মোটর সাইকেল ক্রয় ঋণের উপর শতকরা ৫% হারে বার্ষিক সরল সুদ আদায় করা হবে। উক্ত সুদ প্রতি মাসের শেষ তারিখের বকেয়ার উপর নির্ধারণ করা হবে।

৬. মোটর সাইকেল ক্রয় ঋণ প্রদানের পরবর্তী মাস হতে সুদসহ মূল টাকা নিয়মিত মাসিক বেতন হতে ৭২ (বাহাত্তর) কিস্তিতে কর্তন করা হবে।

৭. সমগ্র চাকরি জীবনে কোন অবস্থাতেই একই ব্যক্তিকে দ্বিতীয়বার মোটর সাইকেল ক্রয় ঋণ প্রদান করা হবে না।

৮. কোম্পানি কর্তৃক কোন কর্মকর্তা/কর্মচারীকে সার্বক্ষনিক গাড়ী বরাদ্দ করা হলে, তিনি উক্ত ঋণ সুবিধা প্রাপ্য হবেন না।

৯. অনুর্ধ্ব ৫৪ (চুয়ান্ন) বছর বয়সের কর্মকর্তা/কর্মচারী মোটর সাইকেল ক্রয়ের জন্য ঋণ/অগ্রিম প্রাপ্য হবেন। ঋণ প্রদানের ক্ষেত্রে আবেদনকারীর সর্বোচ্চ/সর্বনিম্ন বয়সসীমা আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখের ভিত্তিতে নির্ধারণ করা হবে। তবে, চাকরি হতে অবসর গমণের পূর্বে কোন কর্মকর্তা-কর্মচারীর চাকরিকাল কমপক্ষে ০৫ (পাঁচ) বছর অবশিষ্ট না থাকলে তাকে মোটর সাইকেল ক্রয়ের জন্য ঋণ/অগ্রিম প্রদান করা হবে না।

১০. আবেদন প্রাপ্তি সাপেক্ষে কোম্পানিতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সংখ্যানুপাতিক হারে মোটর সাইকেল ক্রয়ের জন্য অগ্রিম প্রদান করা হবে।

১১. অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল হিসাবে গণ্য করা হবে।

১২. উক্ত ঋণ/অগ্রিম মঞ্জুরির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী তার সমপদমর্যাদা সম্পন্ন অথবা তদুর্ধ্ব পদমর্যাদা সম্পন্ন ০২ (দুই) জন কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ৩০০ (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে জামানতের অঙ্গীকারনামা (Surety Bond) প্রদান করতে হবে। একই ব্যক্তি ০২ (দুই) জনের অধিক আবেদনকারীর জন্য জিম্মাদার হতে পারবেন না।

১৩. মোটর সাইকেল ক্রয়ের জন্য ঋণ/অগ্রিম প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ঋণ/অগ্রিম গ্রহীতাকে মোটর সাইকেল ক্রয়ের যথাযথ ভাউচার/ক্যাশ মেমো অবশ্যই কোম্পানির প্রশাসন ডিভিশন/জেনারেল এ্যাডমিন শাখায় দাখিল করতে হবে। অন্যথায়, পরবর্তী ১০ (দশ) দিনের মধ্যে অর্থাৎ ঋণ/অগ্রিম প্রাপ্তির ৪০ (চল্লিশ) দিনের মধ্যে ঋণ/অগ্রিম গ্রহীতা সম্পূর্ণ টাকা এককালীন কোম্পানির নিকট ফেরত দিতে বাধ্য থাকবেন।

১৪. উল্লিখিত শর্তসমূহ কর্তৃপক্ষ যে কোন সময় পরিবর্তন/পরিবর্ধন বা স্থগিত করতে পারবে এবং এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তেই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫. এছাড়া সংশ্লিষ্ট ঋণ নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে এ ঋণ প্রদেয় হবে।

উপর্যুক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে মোটর সাইকেল ক্রয় ঋণ গ্রহণে আগ্রহী কর্মকর্তা-কর্মচারীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে (সংযুক্তি-১)। আবেদনপত্র আগামী ০৬/০৮/২০২৬ তারিখের মধ্যে প্রশাসন ডিভিশন-এ জমা প্রদান করতে হবে। কোনক্রমেই নির্ধারিত তারিখের পর/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। নির্ধারিত আবেদনপত্র জেনারেল এ্যাডমিন শাখা হতেও সংগ্রহ করা যাবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

**সংযুক্তিঃ**

(১) সংযুক্তি-১

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।

১৩-০৭-২০২৬
মোঃ সাহিনুর আলম
মহাব্যবস্থাপক (প্রশাসন), চ. দা
ফোন : ০২৫৮৮৮৩১৪৪৮
ইমেইল : gm.admin@pgcl.org.bd

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। সংশ্লিষ্ট সকল মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
২। সংশ্লিষ্ট সকল উপ-মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
৩। সংশ্লিষ্ট সকল ব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
৪। ব্যবস্থাপক, আইসিটি শাখা, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
৫। ব্যবস্থাপক, পেনশন শাখা, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৬। ব্যবস্থাপক, বাস্তবায়ন পরিবীক্ষণ ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৭। ব্যবস্থাপক, এডিপি শাখা, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৮। সংশ্লিষ্ট সকল উপ-ব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
৯। উপব্যবস্থাপক, আর্থিক হিসাব শাখা, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
১০। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক-এঁর দপ্তর, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
১১। সংশ্লিষ্ট সকল সহকারী ব্যবস্থাপক ও সমমানের কর্মকর্তা, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
১২। সহকারী ব্যবস্থাপক, এইচ আর ডি এন্ড লাইব্রেরী শাখা, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
১৩। সংশ্লিষ্ট সকল সহকারী কর্মকর্তা ও সমমানের কর্মকর্তা, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
১৪। সকল পদের কর্মচারী, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।

# পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
নলকা, সিরাজগঞ্জ।

**মোটর সাইকেল ক্রয় ঋণের আবেদনপত্র**

**(অর্থ বৎসর: .................)**

| | | | |
|---|---|---|---|
| ০১। | আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে) | : | |
| ০২। | পিতা/স্বামীর নাম | : | |
| ০৩। | ক) বর্তমান ঠিকানা | : | গ্রাম/মহল্লা------------------------------ ডাকঘর-----------------<br>উপজেলা----------------------------------জেলা------------------ |
| | খ) স্থায়ী ঠিকানা | : | গ্রাম/মহল্লা------------------------------ ডাকঘর------------------<br>উপজেলা----------------------------------জেলা------------------ |
| ০৪। | পদবি ও ব্যক্তিগত কোড নং | : | |
| ০৫। | চাকরিতে যোগদানের তারিখ ও পদবি | : | পদবি-----------------------------, তারিখ------------------------- |
| ০৬। | বিজ্ঞপ্তি জারির তারিখ | : | |
| ০৭। | বিজ্ঞপ্তি জারির তারিখ অনুযায়ী মোট চাকরিকাল | : | |
| ০৮। | জন্ম তারিখ | : | |
| ০৯। | বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখে বয়স | : | ---------------বৎসর-----------------মাস------------------দিন |
| ১০। | জাতীয়তা | : | |
| ১১। | বেতনস্কেল | : | |
| ১২। | বর্তমান মূলবেতন | : | |
| ১৩। | অধিযাচিত ঋণের পরিমাণ | : | |
| ১৪। | ইতঃপূর্বে মোটর সাইকেল ক্রয় ঋণ গ্রহণ করে থাকলে তার বিবরণ | : | পরিমাণ---------------------- অর্থ বছর--------------------------- |

আবেদনকারীর স্বাক্ষর :
নাম : -----------------------------------------------
পদবি : -----------------------------------------------
ডিভিশন/ডিপার্টমেন্ট: --------------------------------------
শাখা : ------------------------------------------------
তারিখ : ----------------------------------------------

আমি এ মর্মে ঘোষণা করছি যে, আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যাদি আমার জ্ঞানতঃ সত্য এবং আমি হলফ করে বলছি যে, আমি কোন তথ্য গোপন করি নাই।

সত্যায়নকারীর স্বাক্ষর :
নাম : ------------------------------------------------------------
পদবি : ----------------------------------------------------------
তারিখ : ---------------------------------------------------------

আবেদনকারীর স্বাক্ষর :
নাম : -----------------------------------------------------
পদবি : ---------------------------------------------------
তারিখ : --------------------------------------------------

স্বাক্ষীর স্বাক্ষর :
নাম : -----------------------------------------------------------
পিতার নাম : ----------------------------------------------------
পেশা : ----------------------------------------------------------
স্থায়ী ঠিকানা : --------------------------------------------------
তারিখ : ---------------------------------------------------------

**প্রতি : মহাব্যবস্থাপক (প্রশাসন)/উপ-মহাব্যবস্থাপক (এইচ.আর)**
**পিজিসিএল, নলকা, সিরাজগঞ্জ।**

## <u>আবেদনকারীর নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরযোগ্য সনদপত্র</u> :

আমি এ মর্মে ঘোষণা করছি যে, আমা কর্তৃক গৃহীত ঋণ আমার নিজের জন্য মোটর সাইকেল ক্রয় কাজে খরচ করব। এ চুক্তি ভঙ্গ করলে কোম্পানির বিদ্যমান মোটর সাইকেল ক্রয় ঋণ নীতিমালা মোতাবেক মোটর সাইকেল ক্রয় কাজে গৃহীত ঋণের সম্পূর্ণ টাকা সুদসহ এক কিস্তিতে কোম্পানিকে ফেরত দিতে বাধ্য থাকবো।

আবেদনকারীর নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর :
নাম : ---------------------------------------------------------
পদবি : -------------------------------------------------------
তারিখ : ------------------------------------------------------

আবেদনকারীর স্বাক্ষর :
নাম : ---------------------------------------------------------
পদবি : -------------------------------------------------------
তারিখ : ------------------------------------------------------

**বি.দ্র. নিয়ন্ত্রণকারী কর্মকর্তা বলতে ডিভিশন/ডিপার্টমেন্ট/প্রকল্প পরিচালক/শাখা প্রধান/ইনচার্জ কে বুঝাবে।**